জেলা পরিষদ, ফেনী
প্রাপ্তি নং
সচিব
হিসাবরক্ষক
উঃ সহঃ (সাঃ)
সোঃ সহঃ (প্রশাসক)
সহঃ (প্রনিক)
সহঃ প্রকৌশলী
উপঃ সহঃ প্রকৌশলী
উঃ সহঃ (কাঃ)
সার্ভেয়ার
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং - ৪৬.০৪২.০০৬.০০.০০.১৩৯.২০১১-৩৮১০ তারিখঃ ০৩.১২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলা পরিষদের সম্পত্তি নিয়ে মহামান্য আদালতে দায়েরকৃত মামলা নিষ্পত্তির জন্য বিজ্ঞ আইনজীবী নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের সম্পত্তি নিয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মোকদ্দমায় যথাযথ প্রতিদ্বন্দিতার অভাবে অধিকাংশ ক্ষেত্রেই জেলা পরিষদের বিপক্ষে আদালতের রায় হয়। জেলা পরিষদের সম্পত্তির আইনগত অধিকার প্রতিষ্ঠা এবং অবৈধ দখলমুক্ত করার লক্ষ্যে মহামান্য আদালতে দায়েরকৃত মোকদ্দমায় যথাযথ প্রতিদ্বন্দিতার জন্য জেলা পরিষদের পক্ষে বিজ্ঞ আইনজীবী নিয়োগ করা প্রয়োজন। গত ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত 'জেলা পরিষদের উন্নয়ন সংক্রান্ত বার্ষিক পর্যালোচনা সভা-২০১৪' এ জেলা পরিষদের সম্পত্তি নিয়ে মহামান্য আদালতে দায়েরকৃত মোকদ্দমাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনে জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বিজ্ঞ আইনজীবী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করাসহ বিচারাধীন মোকদ্দমাসমূহের অগ্রগতি সম্পর্কে সময়ে সময়ে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

০৩/১২/১৪
(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ-----------(সকল)

অনুলিপিঃ

১। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রশাসক, জেলা পরিষদ----------------------------(সকল)
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।